দৈনিক ইনকিলাব

৩৪২

তারিখ NOV. 25 1999
পৃষ্ঠা ৩ কলাম ৪

# শিক্ষার মান সংরক্ষণ ও নকল প্রতিরোধ আন্দোলনের মৌন মিছিল

প্রেস বিজ্ঞপ্তি ঃ শিক্ষার মান সংরক্ষণ ও নকল প্রতিরোধ আন্দোলন-এর উদ্যোগে গত শনিবার বিকেলে রাজধানীতে একটি মৌন মিছিল বের হয়। দেশ ও জাতিকে শিক্ষা ক্ষেত্রের বিপর্যয় থেকে রক্ষা করার এই আন্দোলনে দলমত ও জাতি-ধর্ম-বর্ণ-নির্বিশেষে সমাজের সর্বস্তরের মানুষকে সম্পৃক্ত করে সামাজিক আন্দোলন গড়ে তোলাই এই মৌন মিছিলের লক্ষ্য। সংগঠনের আহবায়ক, সাবেক সংসদ সদস্য মিয়া আব্দুল্লাহ ওয়াজেদ ও অন্যান্যের নেতৃত্বে মৌন মিছিলটি ৭/৩ ভগবতী ব্যানার্জী রোডস্থ (হাটখোলা) কার্যালয় থেকে বের হয়ে ইত্তেফাক মোড়, মতিঝিল, শাপলা চত্বর ও পল্টন হয়ে জাতীয় প্রেসক্লাবে গিয়ে শেষ হয়।

মৌন মিছিলে সমাজের সর্বস্তরের বিপুলসংখ্যক লোক অংশগ্রহণ করেন। সাবেক এমপি এডভোকেট দেলোয়ার হোসেন খান, এডভোকেট আলী আহম্মদ, এডভোকেট মিয়া সাদেকুর রহমান ও এডভোকেট কামরুজ্জামানের নেতৃত্বে বিপুলসংখ্যক আইনজীবী, সাংবাদিক কাজী আনোয়ারুল ইসলাম, আব্দুল্লাহ ওয়াজেদ, মিনহাজুল ইসলাম, কুতুবউদ্দিন মালিক ও সাইফুল ইসলামের নেতৃত্বে বেশ কিছু সাংবাদিক ও সংবাদপত্র কর্মচারী, নাহিদ আমিন ভূঁইয়া ও ইউসুফ আলীর নেতৃত্বে বেশ কিছু শ্রমিক নেতা, ডেমরা কলেজের অধ্যাপক শামীম সারোয়ারের নেতৃত্বে বেশ কয়েকজন অধ্যাপক, এ কে এম ফজলুল হকের নেতৃত্বে মুন্সীগঞ্জের শ্রীনগর থেকে বেশ কিছু লোক মৌন মিছিলে যোগ দেন। এছাড়া আল হারামাইন ইসলামী এসোসিয়েশনের মাওলানা আব্দুস সাত্তার, প্রিন্সিপাল মোঃ আলমগীর, মাওলানা আতাউর রহমান, আইনুল ইসলাম, মাওলানা সেলিম উদ্দিন প্রমুখ মিছিলে যোগ দেন।